# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# আপীল বিভাগ

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ১০/০২/২০২৬খ্রি.

গতকাল ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ রোজ সোমবার বিকাল ৪:০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব জুবায়ের রহমান চৌধুরী মহোদয়-এর সভাপতিত্বে এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণের অংশগ্রহণে "ফুলকোর্ট সভা" অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অধস্তন আদালতের অবকাশকালীন দেওয়ানী ছুটি টানা এক মাসের পরিবর্তে দুই দফায় ১-১৫ জুন এবং ১৭-৩১ ডিসেম্বর পর্যন্ত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। চলতি বছর (২০২৬ সাল) থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

উক্ত সভায় মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সুপ্রীম কোর্ট সচিবালয়ের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সভায় উপস্থিত সকল বিচারপতি মহোদয়গণকে অবহিত করেন। ১৩ জন বিচার বিভাগীয় কর্মকর্তা এবং প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী পদায়নের মাধ্যমে সুপ্রীম কোর্ট সচিবালয়ের কার্যক্রম চলমান আছে মর্মে তিনি ফুলকোর্ট সভায় উপস্থিত সকল বিচারপতি মহোদয়গণকে জানান। এছাড়া, সুপ্রীম কোর্ট সচিবালয়ের কার্যক্রম পরিচালনার জন্য অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে চলছে বলে তিনি উল্লেখ করেন। উল্লেখ্য, নির্মাণ কাজ শেষ হওয়ার পর সুপ্রীম কোর্টের রেকর্ড ভবনের ২য়, ৩য় এবং ৪র্থ তলায় সুপ্রীম কোর্ট সচিবালয়ের কার্যক্রম পরিচালনা করা হবে।

১০/০২/২৬
(মোঃ শফিকুল ইসলাম)
গণসংযোগ কর্মকর্তা
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

Mobile No.: 01303279170.e-mail:scad@supremecourt.gov.bd. scad.pro23@gmail.com

CamScanner